



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
উপজেলা সমাজসেবা কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ
www.dss.bhaluka.mymensingh.gov.bd

সর্বোচ্চ অগ্রাধিকার

স্মারক নম্বর: ৪১.০১.৬১১৩.০০০.০০০.১৬.০০১০.২৪.৫০

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০১ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: পূর্বের mis.bhata.gov.bd (MIS) হতে নতুন bhata.gov.bd (ISPMIS) এ স্থানান্তর না হওয়া সক্রিয় ডাটা সমূহ স্থানান্তরকরণ।

সূত্র: সামাজিক নিরাপত্তা অধিশাখার স্মারক নং - ৪১.০১.০০০০.০৪৯.১৪.০২০.২১.১৩১ তারিখঃ ১৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা সমাজসেবা কার্যালয় ভালুকা, ময়মনসিংহের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় পূর্বের mis.bhata.gov.bd (MIS) হতে নতুন bhata.gov.bd (ISPMIS) এ স্থানান্তর হওয়া ডাটা সমূহ যাচাই-বাছাই করে দেখা যায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষাবৃত্তির বেশকিছু সক্রিয় ডাটা নতুন bhata.gov.bd (ISPMIS) এ স্থানান্তর হয়নি। পূর্বের mis.bhata.gov.bd (MIS) হতে নতুন bhata.gov.bd (ISPMIS) এ স্থানান্তর হওয়া ডাটা সমূহের একটি তালিকা প্রণয়ন করা হয়েছে।

০২। এমতাবস্থায় প্রণয়নকৃত তালিকা অনুসারে পূর্বের mis.bhata.gov.bd (MIS) হতে নতুন bhata.gov.bd (ISPMIS) এ ডাটা সমূহ স্থানান্তর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয় বরাবরে বিনীত অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, পূর্বের mis.bhata.gov.bd (MIS) হতে নতুন bhata.gov.bd (ISPMIS) এ কোন কোন ভাতা/কর্মসূচির কোন কোন ডাটা স্থানান্তর হয়নি তা জানিয়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের স্মারক নং - ৪১.০১.৬১১৩.০০০.০০০.১৬.০০১০.২৪.৪৬ তারিখঃ ২৪ ফেব্রুয়ারি ২০২৫ মোতাবেক একটি পত্র প্রেরণ করা হয়েছিল।

সংযুক্তিঃ

০১. পূর্বের mis.bhata.gov.bd (MIS) হতে নতুন bhata.gov.bd (ISPMIS) এ স্থানান্তর না হওয়া সক্রিয় ডাটা সমূহের তালিকার সস্টকপি - ০১ কপি।

সকল সংযুক্তিসমূহ:

(১) পূর্বের mis.bhata.gov.bd (MIS) হতে নতুন bhata.gov.bd (ISPMIS) এ স্থানান্তর না হওয়া সক্রিয় ডাটা

০১-০৩-২০২৫

রুবেল মন্ডল

উপজেলা সমাজসেবা অফিসার

০২৯৯৬৬৭২৬৮৬

usso.bhaluka@dss.gov.bd

উপ পরিচালক

উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ৪১.০১.৬১১৩.০০০.০০০.১৬.০০১০.২৪.৫০/১ (৭)

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০১ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর।
- ২। পরিচালক, সামাজিক নিরাপত্তা অধিশাখা, সমাজসেবা অধিদফতর।
- ৩। পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ।
- ৪। প্রকল্প পরিচালক, ক্যাশ ট্রান্সফার মডার্নাইজেশন (সিটিএম) প্রকল্প, সমাজসেবা অধিদফতর।
- ৫। অতিরিক্ত পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), জি টু পি শাখা, সমাজসেবা অধিদফতর।
- ৬। সহকারী পরিচালক, প্রশাসন, অর্থ ও প্রতিষ্ঠান শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
- ৭। সহকারী পরিচালক, কার্যক্রম ও সামাজিক নিরাপত্তা শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।



০১-০৩-২০২৫

রুবেল মন্ডল

উপজেলা সমাজসেবা অফিসার